দৈনিক সংবাদ

তারিখ ... 17 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

২২৮

## শিক্ষক সমিতি ঢাকা বিশ্ববিদ্যালয় সংক্রান্ত পূর্ণাঙ্গ রিপোর্ট প্রকাশের দাবী করেছে

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল বলেছে, মওলানা মতিউর রহমান নিজামীর বিশ্ববিদ্যালয়ে আসা উপলক্ষে সংঘটিত ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে গঠিত এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিশনের রিপোর্টের উদ্ধৃতি

শিক্ষক সমিতি ঃ পৃঃ ৮ কঃ ৭

## শিক্ষক সমিতি ঃ পূর্ণাঙ্গ রিপোর্ট প্রকাশের দাবী

(১ম পাতার পর)

কোন কোন সংবাদপত্র প্রকাশ করে শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে।

শিক্ষক সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তির সূত্র উল্লেখ করে বাসস জানায়, গতকাল বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত সংগঠনের সভা ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপিকা হাসনা বানুর সভানেতৃত্বে অনুষ্ঠিত হয়। সভা শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার হীন প্রচেষ্টার সমালোচনা করে অস্থায়ী রাষ্ট্রপতি নিযুক্ত কমিশনের পূর্ণাঙ্গ রিপোর্ট অবিলম্বে প্রকাশের দাবী জানায়।